

বিসিএস পরীক্ষা পদ্ধতিতে পরিবর্তন

লিখেছেন মাহফজুর রহমান

বদলে যাচ্ছে বিসিএস পরীক্ষা পদ্ধতি। সিলেবাস ও নম্বর বন্টনে আসছে পরিবর্তন। বাংলাদেশ সরকারি কর্মকমিশনের (পিএসসি) অধীনে পরবর্তী ২৭তম বিসিএস পরীক্ষা থেকেই এ পদ্ধতি কার্যকর হতে যাচ্ছে। ১৯৮২ সালে প্রণীত ও কার্যকর হওয়া 'বিসিএস নিয়োগ পরীক্ষা বিধিমালা' সংশোধনের মাধ্যমে এ পরিবর্তন আনা হয়েছে। নতুন পদ্ধতিতে মনস্তাত্ত্বিক ও ৩০০ নম্বরের ঐচ্ছিক পরীক্ষা উঠিয়ে দেয়া হয়েছে। বাদ দেয়া হয়েছে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রাপ্ত নম্বরের আনুপাতিক হার যোগ করার বিধান। মৌখিক পরীক্ষার নম্বর ২০০ থেকে কমিয়ে ১০০ করা হয়েছে। তবে মৌখিক ও লিখিত পরীক্ষা মিলিয়ে মোট নম্বর ১০০০ অপরিবর্তিত রাখা হয়েছে। নতুন এ পদ্ধতি প্রবর্তনের বিষয়ে গত ২৯ মার্চ প্রজ্ঞাপন জারির পর এখন নতুন আঙ্গিকে সিলেবাস তৈরির কাজ চলছে। পিএসসি কর্তৃপক্ষ ১৯৯২ সাল থেকেই পরীক্ষা সংস্কারের জন্য এ ধরনের প্রস্তাব পাঠালেও আমলাতান্ত্রিক জটিলতার কারণে এতোদিন তা বাস্তবায়িত হয়নি।

নতুন পদ্ধতিতে নম্বর বন্টন : বিসিএস সাধারণ ক্যাডারের অন্তর্ভুক্ত প্রশাসন, পুলিশ, পররাষ্ট্র, কর, শুল্ক, আনসার, তথ্য, বাণিজ্য, ডাক, আমদানি-রপ্তানি, খাদ্য, রেলওয়ে, পরিবার পরিকল্পনা প্রভৃতির জন্য ২০০ নম্বরের বাংলা, ২০০ নম্বরের ইংরেজি, ২০০ নম্বরের বাংলাদেশ বিষয়ক সাধারণ জ্ঞান, ১০০ নম্বরের আন্তর্জাতিক বিষয়ক সাধারণ জ্ঞান, ১০০ নম্বরের গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা, ১০০ নম্বরের সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ের পরীক্ষা অন্তর্ভুক্ত হবে। এরপর

হবে ১০০ নম্বরের মৌখিক পরীক্ষা। অন্যদিকে প্রফেশনাল ক্যাডারে (শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, পশুসম্পদ, ডেন্টাল, তথ্য, খাদ্য প্রকৌশল, রেলওয়ে প্রকৌশল, গণপূর্ত, সড়ক ও জনপথ প্রভৃতি) কিছুটা পরিবর্তন এনে ২০০ নম্বরের বদলে ১০০ নম্বর বাংলা ও বিষয়ভিত্তিক ২০০ নম্বরের পরীক্ষা হবে। নতুন নম্বর বিন্যাস অনুযায়ী বিসিএস সাধারণ ও প্রফেশনালের ক্ষেত্রে পৃথক ১০০০ নম্বর থাকলেও যেসব প্রার্থী উভয় বিষয়ে অংশ নিতে চান, তাদেরকে বিষয়ভিত্তিক অতিরিক্ত ২০০ নম্বরসহ মোট ১২০০ নম্বরের পরীক্ষা দিতে হবে।

নতুন নম্বর বিন্যাস অনুযায়ী বিসিএস সাধারণ ও প্রফেশনালের ক্ষেত্রে পৃথক ১০০০ নম্বর থাকলেও যেসব প্রার্থী উভয় ক্যাডারে অংশ নিতে চান, তাদেরকে বিষয়ভিত্তিক অতিরিক্ত ২০০ নম্বরসহ মোট ১২০০ নম্বরের পরীক্ষা দিতে হবে।

জানা গেছে, নতুন নম্বর বিন্যাসের পরিপ্রেক্ষিতে নতুন সিলেবাস প্রণয়নের লক্ষ্যে পিএসসি সদস্য ইয়াহিয়া মোল্লাকে প্রধান করে ৭ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। গত ৪ মে কমিটির বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী কিছু দিকনির্দেশনাসহ বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ অধ্যাপকদের কাছে সিলেবাস প্রণয়ন করতে চিঠি

দেয়া হয়েছে।

সাধারণ ক্যাডারের ক্ষেত্রে ৩০০ নম্বরের ঐচ্ছিক বিষয়ে পরীক্ষার যে বিধান ছিল, তাতে বিজ্ঞানের তুলনায় মানবিক শাখায় শিক্ষার্থীরা দারুণ বৈষম্যের শিকার হতেন। আবার মানবিক শাখায়ও যারা আরবি, পালি, সংস্কৃতি, ইসলামিক শিক্ষা ঐচ্ছিক বিষয় হিসেবে নির্বাচন করতেন, তারা অন্যদের তুলনায় বেশি নম্বর পেতেন। এ ছাড়া ঐচ্ছিক বিষয়ের ক্ষেত্রে সিলেবাসে ৬৪টি বিষয়ের পৃথক পরীক্ষা নেয়ার নিয়মটি দীর্ঘ সময়সাপেক্ষ, বামেলাপূর্ণ ও যুগোপযোগী। টেকনিক্যাল/প্রফেশনাল ক্যাডারের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রাপ্ত মোট নম্বরের আনুপাতিক হারে যে ৩০০ নম্বর দেয়ার বিধান ছিল তাতে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীদের মধ্যে বৈষম্য হতো। তাই এ ব্যবস্থাগুলো বাদ দেয়া হয়েছে বলে পিএসসি সূত্রে জানা গেছে।

এদিকে সিলেবাস প্রণয়নের কাজ চললেও এখন পর্যন্ত সংস্থাপন মন্ত্রণালয় থেকে শূন্যপদের তালিকাসহ চাহিদা জানিয়ে কোনো চিঠি দেয়া হয়নি। ফলে ২৭তম বিসিএসের ঘোষণা দেয়া বিলম্বিত হচ্ছে। চলতি মাসের শেষ সপ্তাহে এ ঘোষণা আসতে পারে বলে পিএসসির পরীক্ষা নিয়ন্ত্রণ কার্যালয় সূত্রে জানা গেছে।

নতুন পদ্ধতিতে নম্বর বন্টন

সাধারণ ক্যাডার : বিসিএস সাধারণ ক্যাডারের অন্তর্ভুক্ত প্রশাসন, পুলিশ, পররাষ্ট্র, কর, শুল্ক, আনসার তথ্য, বাণিজ্যিক, ডাক, আমদানি-রপ্তানি, খাদ্য, রেলওয়ে, পরিবার পরিকল্পনা প্রভৃতির জন্য বিভিন্ন বিষয়ে পরীক্ষার নম্বর :

	সনাতন পদ্ধতি	নতুন পদ্ধতি	
বাংলা	১০০	বাংলা	২০০
ইংরেজি	১০০	ইংরেজি	২০০
বাংলাদেশ বিষয়াবলী	১০০	বাংলাদেশ বিষয়াবলী	২০০
আন্তর্জাতিক বিষয়াবলী	১০০	আন্তর্জাতিক বিষয়াবলী	১০০
গণিত ও দৈনন্দিন বিজ্ঞান	১০০	গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা	১০০
৩টি ঐচ্ছিক বিষয়ে ১০০ করে	৩০০	সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি	১০০
মৌখিক পরীক্ষা	২০০	মৌখিক পরীক্ষা	১০০
মোট	১০০০	মোট	১০০০

প্রফেশনাল ক্যাডার : শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, পশুসম্পদ, ডেন্টাল, তথ্য, খাদ্য প্রকৌশল, রেলওয়ে প্রকৌশল, গণপূর্ত, সড়ক ও জনপথ প্রভৃতি প্রফেশনাল ক্যাডারের প্রার্থীদের বিভিন্ন বিষয়ে পরীক্ষার নম্বর:

	সনাতন পদ্ধতি	নতুন পদ্ধতি	
বাংলা	১০০	বাংলা	১০০
ইংরেজি	১০০	ইংরেজি	২০০
বাংলাদেশ বিষয়াবলী	১০০	বাংলাদেশ বিষয়াবলী	২০০
আন্তর্জাতিক বিষয়াবলী	১০০	আন্তর্জাতিক বিষয়াবলী	১০০
গণিত ও দৈনন্দিন বিজ্ঞান	১০০	গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা	১০০
অনার্স ও মাস্টার্স পরীক্ষার		পেশার সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে	
প্রাপ্ত নম্বরের ভিত্তিতে	৩০০	লিখিত পরীক্ষা	২০০
মৌখিক পরীক্ষা	২০০	মৌখিক পরীক্ষা	১০০
মোট	১০০০	মোট	১০০০